

## শিক্ষার জন্য লড়াই চালিয়ে যাব : মালারা

শিশুশিক্ষার জন্য লড়াই অব্যাহত রাখার প্রতিশ্রুতি দিয়েছে মালারা ইউসুফজাই। পাকিস্তানের নারী শিক্ষা আন্দোলনের সুপ্রসিদ্ধ এ কর্মী গত ওক্টোবর নেন্দারল্যান্ডসের হেগে আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার গ্রহণ অনুষ্ঠানে এ কথা বলেছে। মালারা এ সময় বলে, সে এমন একটি বিশ্ব গড়ার জন্য লড়াই করছে যেখানে সব শিশুই স্কুলে যেতে পারবে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মালারা বলে, তালেবানের হাতে ওলিবিদ্ধ হওয়ার ঘটনা তাকে দমাতে পারেনি। বরং নারী শিক্ষার পক্ষে লড়ার জন্য আরও প্রত্যয়ী করে তুলেছে। মালারা বলে, 'ওরা (তালেবান) আমাকে ভয় করে দিতে চেয়েছিল। কিন্তু আমি ছাড়াও আরও হাজারো মেয়ে রয়েছে। ওদের জন্য আমাদের লড়াই অব্যাহত রাখতে হবে, যাতে বিশ্বের সব শিশুই তাদের স্কুলে যাওয়ার অধিকার ভোগ করতে পারে।' এ সময় সমবেত হাজারো ওভাধী করতালি দিয়ে তাকে উৎসাহ জোগায়।

মালারার হাতে পুরস্কার তুলে দেন ২০১১ সালে পাকিস্তানে নোবেলজয়ী ইয়েমেনের সাংবাদিক ও মানবাধিকার কর্মী জাওয়াদুল কারমান। মালারার সাহসিকতার প্রশংসা করে কারমান বলেন, 'তুমি আমার হিরো। কোনো মেয়েকে আর কেউ পড়াশোনার অধিকার থেকে বঞ্চিত করতে পারবে না। যে মুহুর্তে তোমার মাথা লক্ষ্য করে ওই বুলেট ছোড়া হয়েছিল, সেই মুহুর্তটি তোমার দেশের ইতিহাসের মাইলফলক।'



নেদারল্যান্ডসের হেগ শহরে গত ওক্টোবর পুরস্কার গ্রহণ করছে মালারা • এএফপি

গত বছরের অক্টোবরে তালেবান জঙ্গিরা বুব কাছ থেকে মালারার মাথায় ওলি করে। পরে যুক্তরাষ্ট্রো উন্নত চিকিৎসা দিয়ে তার জীবন বাঁচানো সম্ভব হয়। এরপর সব শিশুর শিক্ষার অধিকার বিষয়ে আবারও প্রচারণা শুরু করে সে।

মালারা বর্তমানে যুক্তরাজ্যেই বসবাস করছে। নারী শিক্ষার পক্ষে অব্যাহত লড়াইয়ের জন্য এবার নোবেল শান্তি পুরস্কারের প্রতিদ্বন্দ্বীদের তালিকায় তার নাম রয়েছে। এএফপি।